



Bangladesh Academy for Securities Markets (BASM)  
(A Training and Research Institute of BSEC)  
Securities Commission Bhaban  
E-6/C, Agargaon, Dhaka-1027



সূত্র নং- বিএএসএম/প্রশাসন/ ১০:০১/২০২০-৩০

তারিখ : ০৭/০৯/২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের একটি শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট। উক্ত ইনস্টিটিউট এর মহাপরিচালক পদে চুক্তিভিত্তিক পূর্ণকালীন নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তির নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

১। পদের নাম	:	মহাপরিচালক
২। দায়িত্ব ও কর্তব্য	:	- বিএএসএম বোর্ড অব গভর্নরস এর সিদ্ধান্ত ও নির্দেশনার আলোকে বিএএসএম এর সার্বিক কার্যক্রম পরিচালনা ও তত্ত্বাবধান করা; - একাডেমির বিভিন্ন কার্যক্রমের বাস্তবায়ন ও কৌশলগত পরিকল্পনা প্রণয়ন ও নেতৃত্বদান করা এবং দক্ষতা নিশ্চিত করা; - শিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম তদারকি ও সম্প্রসারণ করা। - একাডেমির সার্বিক বার্ষিক পরিকল্পনা ও পাঠ্যক্রম প্রণয়ন এবং প্রশিক্ষকদের সমন্বয় সাধন; - একাডেমির সাফল্য এবং গুণগতমান নিশ্চিত করা।
২। শিক্ষাগত যোগ্যতা	:	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফিন্যান্স, হিসাববিজ্ঞান, অর্থনীতি, ব্যবস্থাপনা বা ব্যবসা প্রশাসন এ স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সকল পরীক্ষার (এসএসসি, এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর) মধ্যে কমপক্ষে তিনটি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান জিপিএ থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়েই তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান জিপিএ গ্রহণযোগ্য নয়। পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
৩। অভিজ্ঞতা	:	বিশ্ববিদ্যালয় অথবা কোন পোস্ট গ্রাজুয়েট টেনিং ইন্সটিটিউট বা সমজাতীয় প্রতিষ্ঠানে শিক্ষক বা প্রশিক্ষক হিসেবে ন্যূনতম ২৫(পঁচিশ) বছর চাকুরী। যার মধ্যে অন্ততঃ ৫(পাঁচ) বছর প্রতিষ্ঠানিক ডিন, বিভাগীয় বা ইন্সটিটিউট প্রধান হিসেবে দায়িত্ব পালনের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষা, প্রশিক্ষণ, গবেষণা ও প্রতিষ্ঠান ব্যবস্থাপনা এবং পরিচালনা কাজে অভিজ্ঞতা থাকতে হবে।
৪। বয়স	:	আবেদনের শেষ তারিখে বয়স সর্বোচ্চ ৬৭ বছর
৫। বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা	:	মাসিক মূল বেতন ১,৭৫,০০০/- টাকা সহ একাডেমির বেতন নীতিমালা অনুযায়ী অন্যান্য সুবিধাদি: সার্বক্ষনিক গাড়ির সুবিধা (জ্বালানী ও গাড়িচালকসহ) অথবা প্রাপ্যতা অনুযায়ী মাসিক গাড়ি মেইনটেনেন্স ভাতা।
৬। চাকুরীর শর্তাবলী	:	চাকুরীর মেয়াদঃ ০৩ বছর (চুক্তি ভিত্তিক), কাজের মূল্যায়নের উপর ভিত্তি করে পরবর্তীতে মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। চাকুরীর অন্যান্য শর্তাবলী বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস এর চাকুরী বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত হবে।
৭। আবেদন প্রক্রিয়া	:	আগ্রহী প্রার্থীগণকে ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি সহ আবেদনপত্র চেয়ারম্যান, বোর্ড অব গভর্নরস, বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস(বিএএসএম), ই-৬/সি, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর পাঠাতে হবে।
৮। আবেদনের শেষ তারিখ	:	২৪ সেপ্টেম্বর ২০২০

প্রদীপ কুমার বসাক

অতিরিক্ত মহাপরিচালক

বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস(বিএএসএম)